তারিখ 1 MAR 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7

01 MAR 1988

# ৮ জন স্কুল ছাত্রের যাবজ্জীবন কারাদণ্ড

কুমিল্লা, ২৮ ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।— কুমিল্লা জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ হাবিবুল্লাহ চাঞ্চল্যকর মানিক হত্যা মামলায় আজ স্কুল ছাত্র ৮ জন বালককে যাবজ্জীবন

২-এর পৃষ্ঠায় দেখুন

## স্কুল ছাত্র

প্রথম পৃষ্ঠার পর

কারাদণ্ড প্রদান করেছেন।

কুমিল্লা হাই স্কুলের দশম শ্রেণীর ছাত্র ওমর ফারুক (মানিক)-কে গতবছর ২০ জুন ক্লাস থেকে ডেকে নিয়ে হত্যা করা হয়। কারাদণ্ডপ্রাপ্তরা হলোঃ আবদুল কাদের জিলানী, দেলোয়ার হোসেন, সঞ্জয় দে, নাসরুল হাসান, হারুন অর রশীদ, নেসার উদ্দিন, মাহেনূর আহমদ জুয়েল ও বাবুল মিয়া। ওরা সবাই একই স্কুলের দশম শ্রেণীর ছাত্র। নিহত মানিকের পিতা জনাব মোস্তফা কামাল চৌধুরী একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট।